২৩/৪/২০০০

~~আজকের কাগজ~~

তারিখ ........
পৃষ্ঠা ১০ কলাম ২ ......

ভোরের কাগজ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সিম্পোজিয়ামে বক্তারা

# ছাত্র রাজনীতিকে সুনিয়ন্ত্রিত করতে হলে রাজনৈতিক লেজুরবৃত্তি ছাড়তে হবে

চ. বি. সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নির্দলীয় ছাত্র সংগঠন 'স্টুডেন্টস সলিডারিটি' তাদের ৬ষ্ঠ বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত 'একুশ শতকের বাংলাদেশ ছাত্র সমাজের ভূমিকা' শীর্ষক সিম্পোজিয়ামে বক্তারা বলেছেন, ছাত্র রাজনীতিকে সুনিয়ন্ত্রিত করতে হলে রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি, সন্ত্রাস ও চাঁদাবাজি থেকে নিজেদের মুক্ত রাখতে হবে।

গত রোববার বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি মিলনায়তনে এ সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক মোঃ ফজলী হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন সাবেক উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান। স্টুডেন্টস সলিডারিটি সভাপতি মুহাম্মদ মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিম্পোজিয়ামে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কলা অনুষদের ডিন অধ্যাপক আহমেদ জামাল আনোয়ার। আলোচনায় অংশগ্রহণ করেন কলা অনুষদের ডিন ড. মাহাবুব উল্লাহ, ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত-উল-আলম, নৃবিজ্ঞানের প্রভাষক আশিকুর রহমান প্রমুখ।

বক্তারা বলেন, যারা পরিবার, সমাজ ও দেশের আপামর জনসাধারণের জন্য সুখ, শান্তি, সমৃদ্ধি রচনা করতে আগ্রহী তারা আদর্শ ভিত্তিক রাজনীতির পথে এগিয়ে যাবে। শেষে উপাচার্য ১৯৯৭ সালের অনার্স পরীক্ষায় প্রথম স্থান অধিকারীদের মধ্যে ক্রেস্ট বিতরণ করেন।